

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
আগৈলঝাড়া, বরিশাল ।
উপজেলা যুব ও ক্রীড়া কমিটির সভার কার্যবিবরণী:-

সভাপতিঃ মো: রফিকুল ইসলাম

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল ।

সভার স্থানঃ- উপজেলা পরিষদ কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল ।

তারিখঃ- ১০/০৪/২০২২

সময়ঃ- ১১.০০ ঘটিকা

উপস্থিতির স্বাক্ষরঃ- পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । অতপর: তিনি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আগৈলঝাড়া জনাব দীনা খনকে সভা পরিচালনার দায়িত্ব অর্পন করেন । উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আগৈলঝাড়া, বরিশাল গত সভার রেজুলেশন পাঠ শুনান এবং সর্বসম্মতিক্রমে উহা দৃঢ়করণ করা হয় । অতপর: সভায় নিম্নোক্ত বিষয়গুলি নিয়ে বিশদভাবে আলোচনা করা হয় ।

১. যুব উন্নয়ন অধিদপ্তর, আগৈলঝাড়া ৪২০ জন বেকার যুব/যুব নারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । কিন্তু অত্র উপজেলায় প্রশিক্ষণের ব্যাপক চাহিদা রয়েছে বিধায় উপজেলা পরিষদে এডিবি এর বরাদ্দ থেকে বেকার যুব ও যুব নারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো ।

২. বেকার যুব ও যুব নারীদের আত্মকর্মসংস্থানের জন্য বর্তমানে ৪০,০০০/= (চল্লিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হচ্ছে । ঋণের টাকার পরিমাণ বাড়ানোর জন্য উপজেলা পরিষদ কমিটির মাধ্যমে রেজুলেশন করে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য আলোচনা করা হয় ।

৩. যুব উন্নয়ন অধিদপ্তর, আগৈলঝাড়া, বরিশাল কয়েকটি যুব সংগঠন রয়েছে । উক্ত সংগঠন দ্বারা সামাজিক কর্মকাণ্ড পরিচালনা করা সম্ভব । সংগঠন গুলোকে সামাজিক কর্মকাণ্ডে পরিচালনায় উদ্বুদ্ধকরণের জন্য আলোচনা করা হয় ।

সিদ্ধান্তঃ উপরোল্লিখিত বিষয় উপজেলা পরিষদ সমন্বয় সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্য বৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন ।

(মো: রফিকুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
আগৈলঝাড়া, বরিশাল ।

তারিখঃ- ২০/৪/২০২২

স্মারক নং-৩৪.০১.০৬০২.০০০.০৬.২২১.১৯. ৪৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ।

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল ।

২। উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল

৩। জনাব,..... সদস্য, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি

৪। অফিস কপি ।

(দীনা খান)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
আগৈলঝাড়া, বরিশাল ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
আগৈলঝাড়া, বরিশাল ।

“ নোটিশ ”

এতদ্বারা উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি এর স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ১০/০৪/২০২২ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় উপজেলা যুব ও ক্রীড়া স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে । উক্ত সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো ।


(মো: কবুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
আগৈলঝাড়া, বরিশাল ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ।

১।

২।

৩।

৪। অফিস কপি ।